গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

hsp.sedp@gmail.com

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/৩৯/২০২০/৩১২/৫১৭ তারিখ: ১২.১০.২০২০ খ্রিঃ

**বিষয় : সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ এবং ১১শ শ্রেণির তালিকাভুক্ত শিক্ষার্থীর একাউন্ট খোলা এবং HSP MIS এ তথ্য অন্তর্ভুক্তি (এন্ট্রি) প্রসঙ্গে।**

সূত্র-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/৩৯/২০২০/৩০২/১(৫১৭) তারিখ: ০৬.১০.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ এবং ১১শ শ্রেণির নির্বাচিত শিক্ষার্থীদের অনলাইন ব্যাংক একাউন্ট/মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলা এবং শিক্ষার্থীর তালিকা HSP MIS এ অন্তর্ভুক্তির বিষয়ে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

১। কর্মসূচির আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে ২০২০ সালে ৬ষ্ঠ এবং ২০১৯-২০ শিক্ষাবর্ষের ১১শ শ্রেণির উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তথ্য HSP MIS এর অনলাইন সফ্‌টওয়্যার লিংকে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ০৮/১০/২০২০ তারিখ থেকে ০৭/১১/২০২০ তারিখের মধ্যে এন্ট্রি করতে হবে।

**২। HSP MIS এ লগইন করার নিয়মাবলী:**

ডাটা এন্ট্রি শুরু করতে হলে HSP MIS এ লগইন করতে হবে। এর জন্য URL, User Name/ID ও Pssword প্রয়োজন। সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে তার User Name/ID ও Password উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নিকট প্রেরণ করা হয়েছে। HSP MIS এ লগইন করার জন্য নিচের URL ব্যবহার করুন।

http://103.48.16.248:8080/HSP-MIS/login

ব্রাউজার এড্রেসবারে URL টি টাইপ করুন এবং কী বোর্ড থেকে এন্টার বাটনে চাপ দিন। তাহলে একটি স্ক্রিন্ট প্রদর্শিত হবে। তারপর User Name/ID ও Password টাইপ করুন এবং লগইন বাটনে ক্লিক করুন। User Name/ID ও Password ঠিক থাকলে তিনটি অপশন প্রদর্শিত হবে। উপবৃত্তির জন্য প্রথমটি অথ্যাৎ হারমোনাইজড স্টাইপেড প্রোগ্রাম এ ক্লিক করতে হবে। এরপর HSP MIS এ ড্যাশবোর্ড প্রদর্শিত হবে। ড্যাশবোর্ডে প্রবেশ করে প্রতিষ্ঠানের নাম ঠিক আছে কিনা নিশ্চিত হয়ে এন্ট্রির কাজ শুরু করতে হবে।

**৩। শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করার নিয়মাবলী:**

১। মেনুবারে প্রাথমিক নির্বাচন বাটনে ক্লিক করুন।

২। নতুন শিক্ষার্থী এন্ট্রি বাটনে ক্লিক করুন।

৩। শিক্ষার্থীর ফরম প্রদর্শিত হবে। ফরমটি যথাযথ ভাবে পূরণ করুন। লাল তারকা চিহ্নিত ফিল্ডগুলো অবশ্যই পূরণ করতে হবে।

৪। অন্যান ফিল্ডগুলোতেও সঠিক ও নির্ভুল তথ্য প্রদান করুন।

৫। হিসাবধারীর (শিক্ষার্থীর নাম) তথ্য অবশ্যই ইংরেজিতে হতে হবে। এছাড়াও অনলাইন ব্যাংক/মোবাইল একাউন্ট নম্বর সঠিকভাবে এন্ট্রি করতে হবে। একাউন্ট নম্বরভুল হলে শিক্ষার্থীর অর্থ প্রাপ্তি অনিশ্চিত হয়ে পড়বে।

৬। সব তথ্য পূরণ করা শেষ হলে সংরক্ষন বাটনে ক্লিক করুন।

৭। একটি সফল মেসেজ প্রদর্শিত হবে।

৮। উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর প্রোফাইল এ গিয়ে সঠিক ভাবে সংরক্ষণ হয়েছে কিনা দেখে নিতে হবে।

৯। জন্ম নিবন্ধন নম্বর স্বয়ক্রিয়ভাবে ইউআইডি (UID) নম্বরে রূপান্তরিত হবে।

১০। সকল তথ্য ঠিক থাকলে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবর অনলাইনে প্রেরণ করতে হবে।

**৪। প্রতিষ্ঠানের তথ্য এন্ট্রির নিয়ামাবলী:**

১। HSP MIS এ প্রবেশ করে মেনুবার অনুসরণ করে কনফিগারেশনে ক্লিক করতে হবে। তারপর পর্যায়ক্রমে প্রতিষ্ঠান তথ্য ⇒ প্রতিষ্ঠান তালিকার যেয়ে প্রতিষ্ঠানের EIIN নম্বর ব্যবহার করে খুঁজুন বাটনে ক্লিক করতে হবে। তারপর প্রতিষ্ঠান তালিকায় যেয়ে সম্পাদন বাটনে ক্লিক করতে হবে। অতঃপর প্রতিষ্ঠান প্রোফাইল ফর্মে প্রতিষ্ঠানের যাবতীয় তথ্য এন্ট্রি করতে হবে।

২। শিক্ষা প্রতিষ্ঠানের User Name/ID ও Password না পেয়ে থাকলে বা User Name/ID ও Password ভুলে/হারিয়ে গেলে এবং অন্য কোন কারণে HSP MIS এ লগ ইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে ইমেইলে যোগাযোগ করতে হবে।

**৫। অন্যান্য তথ্যাবলী:**

**শিক্ষার্থীর একাউন্ট নম্বর:**

১। শিক্ষার্থী/অভিভাবক নিজ দায়িত্বে অনলাইন ব্যাংক/মোবাইল ব্যাংকিং একাউন্ট খুলে প্রতিষ্ঠান প্রধানকে প্রদান করতে হবে।

২। অনলাইন ব্যাংক একাউন্ট বা এজেন্ট ব্যাংক একাউন্ট বা মোবাইল ব্যাংকিং একাউন্ট যে কোনটি ব্যবহার করা যাবে। অনলাইন ব্যাংক একাউন্ট বা এজেন্ট ব্যাংক একাউন্ট ১৩ থেকে ১৭ ডিজিট এবং মোবাইল ব্যাংকিং একাউন্ট এর ক্ষেত্রে ১১ থেকে ১২ ডিজিট হতে হবে।

৩। অনলাইন ব্যাংক বা এজেন্ট ব্যাংক একাউন্ট স্কুল ব্যাংকিং নীতিমালা অনুযায়ী শিক্ষার্থীর/শিক্ষার্থী ও অভিভাবকের নামে খুলতে হবে। অনলাইন ব্যাংকের ক্ষেত্রে হিসাবের শিরোনাম ব্যাংকে যেভাবে আছে সেভাবে MIS এ এন্ট্রি করতে হবে।

৪। কোন অভিভাবকের নামে মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলা থাকলে ব্যবহার করা যাবে। সে ক্ষেত্রে হিসাবধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নাম এন্ট্রি করতে হবে।

৫। মাদ্রাসা ও সাধারণ শিক্ষার উপবৃত্তি একই এন্ট্রি ফরমে এন্ট্রি করতে হবে।

৬। MIS এ শিক্ষা প্রতিষ্ঠানের সকল তথ্য আপডেট বা হালনাগাদ করতে হবে। টিউশন ফি প্রেরণের জন্য অনলাইন ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট) এন্ট্রি করতে হবে।

৬। উপবৃত্তির সম্পর্কিত যে কোন তথ্যের জন্য মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান hsp.sstipend@gmail.com ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান hs.stipend@gmail.com মেইলে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণকে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

২২/১০/২০২০

(শরীফ মোর্তজা মামুন)
স্কিম পরিচালক
ফোন : ৯৫৬৩৪১২।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/৩৯/২০২০/ ৩৯২/৫৭/২ (৫২৯) তারিখ: ২২ .১০.২০২০ খ্রিঃ

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, অগ্রণী ব্যাংক লিমিটেড, মতিঝিল, ঢাকা।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, বিকাশ লিমিটেড, স্বাধীনতা টাওয়ার, বীরশ্রেষ্ঠ জাহাঙ্গীর গেট, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।
০৬। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৭। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা................................ জেলা................................................।
০৯। জেলা শিক্ষা অফিসার, জেলা...................................................।
১০। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান, ........................................................................................।
১২। সংরক্ষণ নথি।

২২/১০/২০২০
(মোঃ তৌফিক এরফান)
গবেষণা কর্মকর্তা (প্রশাসন)
ফোন : ০২-৯৫৬৫৯৫৯